

তারিখ...
গলাচিপা... ৩...



গলাচিপা ৪ রতনদী তালতলী মাধ্যমিক বিদ্যালয়ের বিধ্বস্ত ভবনের দৃশ্য -ইউএফসি

গলাচিপায় ঝড়ে বিধ্বস্ত একটি স্কুল ভবনের নির্মাণ কাজ শুরু হয়নি

গলাচিপা (পটুয়াখালী) থেকে সংবাদদাতা ৥ রতনদী তালতলী মাধ্যমিক বিদ্যালয়ের একটি ভবন ঝড়ে বিধ্বস্ত হওয়ায় বিদ্যালয়ের লেখাপড়া মারাত্মকভাবে বিধ্বস্ত হচ্ছে। তিনটি ভবনের মধ্যে ১টি ভবন বিধ্বস্ত, বিজ্ঞান ভবনটি জরাজীর্ণ অপর একটি ভবনের নির্মাণ কাজ সাড়ে তিন বছরেও শেষ হয়নি। রোদে পুড়ে বৃষ্টিতে ভিজ়ে ছেলে-মেয়েরা ক্লাস করছে।

গলাচিপা উপজেলার প্রত্যন্ত অঞ্চল নিজ্জ হাওলা গ্রামে বিদ্যালয়টি স্বাধীনতার পর পরই প্রতিষ্ঠিত হয়। বর্তমানে বিদ্যালয়টিতে ছাত্র-ছাত্রীর সংখ্যা তিনশ'। গত ২৪ মে রাতে আকস্মিক ঝড়ে ৫ কক্ষবিশিষ্ট টিনশেড ভবন সম্পূর্ণ বিধ্বস্ত হয়। এখন পর্যন্ত এর মেরামতের কোন উদ্যোগ নেয়া হয়নি। ১৯৮১ সালে ক্যাসিনিটিস বিভাগের (১০ম পৃঃ দ্রঃ)

গলাচিপায় ঝড়ে (১১শ পৃঃ পর)

উদ্যোগে ৩ লাখ টাকা ব্যয়ে ২ কক্ষবিশিষ্ট একটি পাকা বিজ্ঞানাগার নির্মাণ করা হয়। সে ভবনটিও জরাজীর্ণ হয়ে পড়েছে। ভবনটির হ্রাদ চুইয়ে পানি পড়ছে, মেঝে ও দেয়ালের প্লাস্টার খসে পড়ছে। ফলে বিজ্ঞানাগারের যন্ত্রপাতি ও সংরক্ষিত দ্রব্যাদি নষ্ট হয়ে যাচ্ছে। অপরদিকে ক্যাসিনিটিস বিভাগ ১৯৯৯ সনের জানুয়ারী মাসে সাড়ে ১৭ লাখ টাকা ব্যয়ে ৩ কক্ষবিশিষ্ট একটি পাকা ভবন নির্মাণ কাজ শুরু করে। এখনও এর নির্মাণ কাজ শেষ হয়নি। ঠিকাদার গত প্রায় এক বছর ধরে অর্ধসমাপ্ত অবস্থায় কাজ ফেলে রেখে উধাও হয়ে যায়।